আতংক না হয়ে ঘরে থাকার আহবান সেনাবাহিনীর

মুজিবনগরে করোনা প্রতিরোধে প্রচারনায় সেনাবাহিনী জনগনকে আতংক না হয়ে নিজ নিজ ঘরে থাকার আহব্বান জানিয়েছে। সাথে নিজ নিজ যায়গা থেকে সকলকে সতর্ক থাকার জন্য প্রতিটা গ্রামে যেয়ে জনগনের মাঝে বিভিন্ন ধরনের জনসচেতনতামূলক বার্তা পৌছে দিয়েছেন।
করোনা ভাইরাস প্রতিরোধে জনসাধারণকে সহযোগিতা করার জন্য সেনাবাহিনী ও মুজিবনগর উপজেলা প্রশাসনের উদ্যোগে মেহেরপুরের মুজিবনগর উপজেলার বিভিন্ন এলাকায় জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রচারণা করা হয়।
রবিবার দুপুরের দিকে মেহেরপুর মুজিবনগর উপজেলার মুজিবনগর, কেদারগঞ্জ, বাগোয়ান, কোমরপুর সহ বিভিন্ন গ্রামে সচেতনতামূলক প্রচারণা করা হয় ।এ সময় মুজিবনগর উপজেলা নিবার্হী কর্মকর্তা ওসমান গনি, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আব্দুল হাশেম, সেনাবাহিনীর বগুড়া ৪০ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারির ক্যাপ্টেন নাসির উদ্দিন সহ সেনাবাহিনী,পুলিশ সদস্যরা প্রচারণার কাজে অংশগ্রহণ করেন।

মেহেরপুরে ৮ হাজার সাবান বিতরণ

মেহেরপুর সদর উপজেলার ৯টি ইউনিয়নে ৮ হাজার সাবান বিতরণ করা হবে।

সদর উপজেলা পরিষদের উদ্যোগে জন সাধারণের মাঝে এই সাবান বিতরণ করা হবে।

এরই ধারাবাহিকতায় আজ রবিবার সদর উপজেলার আমঝুপি ইউনিয়নে ১হাজার সাবান বিতরণ করা হয়েছে।

সদর উপজেলা চেয়ারম্যান অ্যাড. ইয়ারুল ইসলাম আমঝুপি গ্রামে গিয়ে সাধরণ মানুষের হাতে সাবান তুলে দেন।

এসময় অ্যাড. ইয়ারুল ইসলাম বলেন, করোনা ভাইরাস প্রতিরোধে সাধারণ মনুষকে সুরক্ষিত রাখতে সদর উপজেলার এই উদ্যোগ।

আজকে আমঝুপি ইউনিয়নে ১হাজার সাবান বিতরণ করা হলো। পর্যায়ক্রমে বাকি ইউনিয়ন গুলোতেও দেওয়া হবে।

এ সময় উপস্থিত ছিলেন আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন চুন্নু।

মেপ্র/এমএফআর

গাংনীর বামুন্দীতে চোরাই স্বর্ণ উদ্ধার। আটক ১

মেহেরপুরের গাংনীর বামুন্দীতে চোরাই স্বর্ণ উদ্ধার করেছে পুলিশ। রবিবার দুপুর ২ টায় বামুন্দী বাজারের জাব্বারুলরের স্বর্ণের দোকান থেকে ১১ আনা ওজনের স্বর্ণ উদ্ধার করে মেহেরপুর সদর থানা পুলিশের একটি টিম।

মেহেরপুর সদর থানার ওসি শাহ মো: দ্বারা জানান,গত কয়েকদিন আগে মেহেরপুর শহরের ষ্টেডিয়াম পাড়ার আনসার আলীর মেয়ে পলি খাতুনের বাড়িতে স্বর্ণ চুরির ঘটনা ঘটে।

এ ঘটনায় পলি খাতুন বাদী হয়ে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করে মামলা নং ৩২ তাং ২৮-০৩-২০২০ ইং। স্বর্ণ চুরির ঘটনায় গাংনী উপজেলার বাদিয়াপাড়া গ্রামের রিয়াদ আলীর মেয়ে রহিমা খাতুনকে তার বাড়ি থেকে রবিবার ভোরে গ্রেফতার করা হয়।

পরে তার স্বীকারোক্তি অনুযায়ী বামুন্দী বাজারের ব্যবসায়ী ও নিশিপুর গ্রামের রেজাউল হকের ছেলে জাব্বারুল ইসলামের দোকান থেকে চুরি যাওয়া স্বর্ণ উদ্ধার করা হয়।

মামলার তদন্তকারী কর্মকর্তা জি এম আহসান হাবিব জানান,স্বর্ণ উদ্ধার করা হয়েছে। দোকান মালিক জাব্বারুলকে বামুন্দী বাজার কমিটির কাছে জিম্মায় দেয়া হয়েছে।

মেহেরপুর সদর থানার ওসি তদন্ত আমিরুল ইসলাম ইসলাম ও স্থানীয়রা জানান,দোকান মালিক ১১ আনা ওজনের একটি স্বর্ণের চেইন ৩৭ হাজার টাকায় করে ক্রয় করে। পরে ক্রয়কৃত স্বর্ণটি এসিড দিয়ে গলিয়ে রাখে।

বামুন্দী বাজার কমিটির সাধারন সম্পাদক আশরাফুজ্জামান বাবু জানান,কোন কিছু না বুঝে জাব্বারুল ভুল বসত স্বর্ণটি ক্রয় করেছে। তবে পুলিশ স্বর্ণ উদ্ধার করে নিয়ে গেছে। এবিষয়ে কোন মন্তব্য করে রাজি হয়নি স্বর্ণ দোকানের মালিক জাব্বারুল ইসলাম।

করোনা মোকাবেলায় সড়কে মেয়র

মহামারী করোনা মোকাবেলায় মেহেরপুর শহরে নানামুখী উদ্যোগ গ্রহণ করছেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।
জীবাণুনাশক স্প্রে, জনসচেতনতায় মাইকিং, নিম্ম শ্রেণীর মানুষকে খাদ্য সামগ্রী বিতরণের মাধ্যমে তিনি করোনা ভাইরাস প্রতিরোধে মাঠে রয়েছেন।

রবিবার দিনব্যাপী মেহেরপুর ফায়ার সার্ভিসের পানিবাহিত গাড়ি নিয়ে শহরের প্রধান সড়কে জীবণুনাশক স্প্রে করেন।

একই সঙ্গে নিজেই মাইকে কথা বলে জনগণনকে সামাজিক দূরত্ব বজায় রেখে বাড়িতে অবস্থান করার আহবান জানান। এসময় তিনি বলেন, মহামারি করোনা মোকাবেলায় বাড়িতে থাকার কোন বিকল্প নেই। আমি জানি নিম্ম শ্রেণী সহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষের খাদ্য সঙ্কটে পড়তে পারেন। আমরা নিম্মশ্রেণীর মানুষদের বাসায় বাসায় নিত্য প্রয়োজনীয় খাবার গুলো পৌছে দেওয়ার ব্যবস্থা করবো। দয়া করে তবুও আপনার ঘরে থেকে সরকারি নির্দেশনা মেনে চলুন।

পরে দুপুরের দিকে শহরের নিম্ন আয়ের মানুষের মাঝে পেয়াজ, ডাল, চাল, তেল, আলু, লবন ও সাবানের প্যাকেজ তুলে দেন।

মেপ্র/এমএফআর

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মোহাম্মদ রিয়াজুল আলম জানান, ডা. আরেফিনকে ইমার্জেন্সি ডিউটি দেওয়া হয়েছে। তিনি অনুপস্থিত থাকায় চিকিৎসাসেবা কার্যক্রম ব্যাহত হচ্ছে।

ডা. আমিরুজ্জামান মোহাম্মদ সামসুল আরেফিন সাংবাদিকদের জানান, কিছুদিন আগে একজন প্রবাসফেরত ব্যক্তি জ্বর নিয়ে গাংনী হাসপাতালে ভর্তি হলে তাকে চিকিৎসা দিয়েছিলাম। আমাদের নিরাপত্তাব্যবস্থা নাজুক থাকায় করোনা সংক্রমিত হওয়ার আশঙ্কা থেকে আমি নিজেই কুষ্টিয়ার খোকসা নিজ গ্রামের বাড়িতে হোম কোয়ারেন্টিনে রয়েছি। করোনা পরিস্থিতিতে সরকারিভাবে চিকিৎসকদের ছুটি বাতিল করায় আমি কাউকে জানিয়ে আসিনি। এতে যদি আমার চাকরি চলেও যায় তবুও নিজের এবং আশপাশের সকলের কথা চিন্তা করে আমি এ সিদ্ধান্ত নিয়েছি।

মেহেরপুরে পুলিশ সদস্যের মাঝে নিরাপত্তা সামগ্রী বিতরণ

মেহেরপুরে পুলিশ সদস্যের মাঝে নিরাপত্তা সামগ্রী বিতরণ

মেহেরপুর জেলা পুলিশের উদ্যোগে সকল পুলিশ সদস্যের মাঝে নিরাপত্তা সামগ্রী হিসেবে মাস্ক, সাবান ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করা হয়েছে।

রবিবার দুপুরে জেলা পুলিশ লাইন টিনসেডে পুলিশ সুপার এসএম মুরাদ আলী এইসব সামগ্রী পুলিশ সদস্যের হাতে তুলে দেন।

এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম।

মেপ্র/এমএফআর

[redacted]

[redacted]

সিলেটের রাস্তায় পড়ে থাকা বিদেশি সুস্থ হয়ে উঠছেন; নেই করোনা উপসর্গ

সিলেটের রাস্তায় পড়ে থাকা বিদেশি সুস্থ হয়ে উঠছেন; নেই করোনা উপসর্গ
সিলেট নগরীতে রাস্তার পাশে পড়ে থাকা সেই বিদেশি নাগরিক প্রাথমিক চিকিৎসায় সুস্থ হয়ে উঠেছেন।

তার দেহে করোনাভাইরাসের কোনো উপসর্গ নেই বলেও জানিয়েছেন চিকিৎসকরা। ৪৫ বছর বয়সী মার্কু নামে ফিনল্যান্ডের এই ব্যক্তি শনিবার বিকালে নগরীর মীরবক্সটুলা এলাকায় রাস্তায় অচেতন হয়ে পড়েছিলেন।

তিনি করোনাভাইরাসে আক্রান্ত হতে পারেন ভেবে কেউ তাকে সাহায্যে এগিয়ে যাচ্ছিলেন না। আশপাশের সবাই আতঙ্কিত হয়ে পড়ছিলেন।

খবর পেয়ে পুলিশ গিয়ে তাকে অ্যাম্বুলেন্সে করে শহীদ শামসুদ্দিন আহমেদ হাসপাতালে নিয়ে যায়। তার শরীরে করোনাভাইরাসের কোনো লক্ষণ নেই বলে সেখান থেকে তাকে সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়।

ওসমানী হাসপাতালের উপপরিচালক হিমাংশু লাল যুগান্তরকে বলেন, ফিনল্যান্ডের ওই নাগরিকের শরীরে করোনাভাইরাসে আক্রান্ত হওয়ার কোনো উপসর্গ নেই।

মার্কু মাদকাসক্ত। এ কারণে তার কিছু শারীরিক সমস্যা রয়েছে। তার চিকিৎসা চলছে। তিনি এর আগেও একবার হাসপাতালে চিকিৎসা নিয়েছেন।

বিদেশি হওয়ায় পুলিশ প্রথমে ধারণা করছিল মার্কু করোনাভাইরাসে আক্রান্ত হতে পারেন। তাই তাকে প্রথমে শহীদ শামসুদ্দিন আহমেদ হাসপাতালের আইসোলেশন ইউনিটে নেয়া হয় বলে হিমাংশু জানান।

সিলেট মহানগর পুলিশের অতিরিক্ত উপকমিশনার (মিডিয়া) জেদান আল মুসা বলেন, মার্কু সিলেট নগরীর হাওয়াপাড়া এলাকায় হোটেল নাজালের ৩০ নম্বর রুম ভাড়া নিয়ে থাকেন।

তিনি সেখানে গত দেড় মাস ধরে থাকছেন। তার সম্পর্কে প্রয়োজন হলে আরও তথ্য সংগ্রহ করা হবে বলে তিনি জানান।

রাজশাহীতে করোনা সন্দেহে চিকিৎসা দেয়নি ৫ হাসপাতাল, ধুঁকে ধুঁকে যুবকের মৃত্যু

করোনা আক্রান্ত সন্দেহে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তির পর মারা গেছেন আল আমিন নামের এক যুবক। তার বাড়ি নওগাঁ জেলার রানীনগর উপজেলার অলংকার দিঘি গ্রামে।

নারায়ণগঞ্জ ফেরত যুবক আল আমিন (২২) রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে মারা গেছেন শনিবার রাত সাড়ে আটটায়।

শনিবার সকালে তীব্র জ্বর, সর্দি, কাশি, ও শ্বাসকষ্ট নিয়ে গ্রামে ফেরেন। তবে গ্রামের লোকেরা তাকে বাড়িতে রাখতে দেয়নি। নওগাঁ জেলা সদর হাসপাতাল, আদমদিঘি উপজেলা স্বাস্থ্য কেন্দ্র, রানীনগর উপজেলা হাসপাতালসহ পাঁচটা হাসপাতাল ঘুরেও কোনো চিকিৎসা না পেয়ে শনিবার বিকালে তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে রাত সাড়ে আটটার দিকে আল আমিন মারা যান। মৃত যুবক আল আমিনের বাবা মোখলেসুর রহমান যুগান্তরকে জানান, তার ছেলে নারায়ণগঞ্জে একটি কাপড়ের দোকানে বিক্রয়কর্মীর কাজ করতেন। শনিবার সকালে সে প্রচণ্ড জ্বর, সর্দি, কাশি ও শ্বাসকষ্ট নিয়ে বাড়িতে ফেরে। এ সময় গ্রামের লোকেরা তাকে গ্রামে রাখতে বাধা প্রদান করেন। ফলে দ্রুত তাকে নওগাঁ জেলা সদর হাসপাতালে নিয়ে যাওয়া হয়। তবে সেখানকার চিকিৎসকরা আল আমিনকে চিকিৎসা দিতে অস্বীকার করেন ও ফেরত পাঠান।

উপায়ন্তর না দেখে অসুস্থ ছেলেকে নিয়ে মোখলেসুর রহমান ছুটেন পার্শ্ববর্তী বগুড়ার আদমদিঘি উপজেলা হাসপাতালে। সেখানেও তাকে চিকিৎসা দিতে অস্বীকার করা হয়। পরে রানীনগর উপজেলা নির্বাহী অফিসার আল মামুনকে জানালে তার হস্তক্ষেপে আল আমিনকে প্রথমে